

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পদার্থবিজ্ঞান　　পত্র: দ্বিতীয়　　বিষয় কোড: ১৭৫　　স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা(রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২<br><br>প্রথম অধ্যায়<br>অধ্যায় শিরোনাম: তাপ গতিবিদ্যা | **তাপগতিবিদ্যার সূত্রের মাধ্যমে এনট্রপির ব্যাখ্যা**<br><br>(ক) এন্ট্রপির মাধ্যমে তাপগতিবিদ্যার ২য় সূত্র লেখ। তিন প্রক্রিয়ায় [(১) পরিবহন (২) পরিচলন ও (৩) বিকিরণ] তাপের সঞ্চালনের ক্ষেত্রে এন্ট্রপি বৃদ্ধি পায় নাকি হ্রাস পায়? উত্তরের পক্ষে গাণিতিক যুক্তি বিশ্লেষণ করো।<br>(খ) ধরো তুমি $27^0\ C$ তাপমাত্রায়, স্বাভাবিক চাপের এক গ্রাম হাইড্রোজেন গ্যাসের আয়তন সমোষ্ণ প্রক্রিয়ায় প্রসারিত করে চারগুণ করলে। এতে এন্ট্রপির পরিবর্তন নির্ণয় করো।<br>(গ) সমোষ্ণ প্রক্রিয়ার প্রসারিত করার ক্ষেত্রে চাপের পরিবর্তন হবে কি না-ব্যাখ্যা করো। হাইড্রোজেন গ্যাসের এই প্রসারণে কৃত কাজের মান নির্ণয় করো।<br>(ঘ) সমচাপ প্রক্রিয়ায় এক গ্রাম হাইড্রোজেন গ্যাসের আয়তন চার গুণ প্রসারণে এনট্রপির পরিবর্তন হবে কিনা তা নির্ণয় করে দেখাও। সমচাপ ও সমোষ্ণ প্রক্রিয়ায় গ্যাসের এই আয়তন প্রসারণে এন্ট্রপির পরিবর্তনের তুলনা করো।<br>(ঙ) কার্নোর চক্রকে তাপমাত্রা বনাম এন্ট্রপি লেখচিত্রের সাহায্যে অংকন করে এর বিভিন্ন ধাপ ব্যাখ্যা করো।<br>(চ)<br> <br>Fig: 1<br> <br>Fig: 2<br><br>Fig: 1 এর ক্ষেত্রে এন্ট্রপির পরিবর্তন এবং Fig: 2 এর ক্ষেত্রে অভিকর্ষ বল দ্বারা কাজ অবস্থানান্তরের জন্য নির্বাচিত পথের উপর নির্ভর করে কিনা? উত্তরের পক্ষে যুক্তি চিত্রের আলোকে গাণিতিকভাবে ব্যাখ্যা করো। | • তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্র ব্যাখ্যা করতে পারবে।<br><br>• কার্নো চক্রের মূলনীতি ব্যাখ্যা করতে পারবে।<br><br>• এন্ট্রপি ও বিশৃঙ্খলা ব্যাখ্যা করতে পারবে। | • পরিমাপের সকল একক S.I ইউনিট হবে। | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

মূল্যায়ন নির্দেশনা(রুব্রিক্স)

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | স্কোর |
|---|---|---|---|---|
| | ৩ | ২ | ১ | |
| (ক) গ্রহণযোগ্য উত্তর উপস্থাপন | সূত্র উল্লেখ ও গাণিতিক যুক্তি বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা উপস্থাপন | সূত্র উল্লেখ ও ব্যাখ্যা উপস্থাপন / অথবা গাণিতিক যুক্তি বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা উপস্থাপন | শুধু সূত্রের উল্লেখ / অথবা শুধু ব্যাখ্যা উপস্থাপন | |
| (খ) গ্রহণযোগ্য উত্তর উপস্থাপন | - | প্রয়োজনীয় তথ্য ও সূত্রসহ গ্রহণযোগ্য উত্তর উপস্থাপন | শুধু ধারণা উপস্থাপন | |
| (গ) ব্যাখ্যা উপস্থাপন ও মান নির্ণয় | ব্যাখ্যা উপস্থাপন ও কাজের মান নির্ণয় | ব্যাখ্যা উপস্থাপন ও কাজের মান নির্ণয়ের ধারণা প্রদান / অথবা শুধু কাজের মান নির্ণয় | শুধু ব্যাখ্যা উপস্থাপন / অথবা শুধু ধারণা উপস্থাপন | |
| (ঘ) গ্রহণযোগ্য উত্তর উপস্থাপন | প্রয়োজনীয় তথ্য ও সূত্রসহ মান নির্ণয় ও তুলনা উপস্থাপন | প্রয়োজনীয় তথ্য ও সূত্রসহ মান নির্ণয়/ অথবা মান নির্ণয়ের ধারণা প্রদান ও তুলনা উপস্থাপন | শুধু মান নির্ণয়ের ধারণা প্রদান / অথবা শুধু তুলনা উপস্থাপন | |
| (ঙ) গ্রহণযোগ্য লেখচিত্র ও ব্যাখ্যা উপস্থাপন | সঠিক লেখচিত্র ও ব্যাখ্যা উপস্থাপন | লেখচিত্র ও আংশিক ব্যাখ্যা উপস্থাপন / অথবা শুধু ব্যাখ্যা উপস্থাপন | শুধু ধারণা উপস্থাপন | |
| (চ) গ্রহণযোগ্য উত্তর ও যুক্তি উপস্থাপন | - | প্রয়োজনীয় তথ্য সহ গ্রহণযোগ্য উত্তর ও গাণিতিক যুক্তি উপস্থাপন | শুধু ধারণা উপস্থাপন | |
| মোট নম্বর: ১৬ | | | প্রাপ্ত নম্বর: | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৮ এর কম | অগ্রগতি প্রয়োজন |